

The University of the State of New York  
REGENTS HIGH SCHOOL EXAMINATION

# ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান

শুক্রবার, 23 জানুয়ারি, 2026 — 9:15 a.m. থেকে 12:15 p.m. পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম \_\_\_\_\_

স্কুলের নাম \_\_\_\_\_

এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কর্তৃত নিষিদ্ধ। যদি আপনার কাছে কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা অত্যন্ত কম সময়ের জন্যও ব্যবহার করেন, তাহলেও আপনার পরীক্ষা বাতিল করা হবে এবং আপনাকে কোনো নম্বর দেওয়া হবে না।

উপরের লাইনগুলোতে আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখুন।

ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে এই পরীক্ষার সকল প্রশ্নের উত্তর দিন। এই পরীক্ষা শুরু করার আগে, আপনাকে **ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের জন্য বেকারেন্স টেবিলের 2024 সংস্করণটি** দেওয়া আবশ্যিক। কয়েকটি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আপনার এই বেকারেন্স টেবিল ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

আপনাকে এই পরীক্ষার সব প্রশ্নের উত্তর দিতে হবে। এই প্রশ্নগুলির উত্তরের সমাধান করতে আপনি টুকরো কাগজ ব্যবহার করতে পারেন, কিন্তু আপনার উত্তরপত্র এবং আপনার পরীক্ষার পুস্তিকায় আপনাকে সকল উত্তর নিশ্চিতভাবে লিপিবদ্ধ করতে হবে। মাল্টিপল-চয়েস প্রশ্নের জন্য আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রেক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। সংগঠিত প্রতিক্রিয়ার প্রশ্নগুলোর উত্তর আপনার পরীক্ষার বইতে লিখুন।

এই পরীক্ষা পুস্তিকায় গ্রাফ ও অঙ্কন ব্যবহার করতে পারেন। এই পুস্তিকায় গ্রাফ ও অঙ্কন পেন্সিল দিয়ে করতে হবে।

এই পরীক্ষা সম্পন্ন করার পরে, আপনাকে পৃথক উত্তরপত্রে দেওয়া মুদ্রিত ঘোষণাপত্রে স্বাক্ষর করতে হবে। এই মর্মে যে, এই পরীক্ষার প্রশ্ন বা উত্তরের বিষয়ে আগে থেকে আপনি বেআইনিভাবে জানতেন না, এই পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কারও সাহায্য পাননি বা কাউকে সাহায্য করেননি। এই ঘোষণাপত্রে স্বাক্ষর না করলে, আপনার উত্তরপত্র এবং পরীক্ষার পুস্তিকা গ্রহণ করা হবে না।

## বিজ্ঞপ্তি ...

এই পরীক্ষা দেওয়ার সময় আপনার কাছে একটি ফোর ফাংশন বা সায়েন্টিফিক ক্যালকুলেটর এবং **ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের জন্য বেকারেন্স টেবিলের 2024-এর সংস্করণের** একটি কপি অবশ্যই ব্যবহারের জন্য হাতের কাছে রাখতে হবে।

মনে রাখবেন, উল্লেখ করা না থাকলে, ডায়াগ্রামগুলো সবসময় স্কেল অনুসারে আঁকা থাকবে না।

সক্ষেত না দেওয়া পর্যন্ত এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।


1 থেকে 5 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে দিন। কিছু প্রশ্নের জন্য **ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের বেফাবেন্স টেবিলের 2024 সংস্করণটি** ব্যবহার করার প্রয়োজন হতে পারে। বহু-নির্বাচনী প্রশ্নের উত্তরগুলো প্রদত্ত পৃথক উত্তরগতে লিপিবদ্ধ করতে ভুলবেন না। নিজের জ্ঞান এবং জটিল চিন্তাভাবনা প্রয়োগ করে উত্তর দিতে হবে এমন প্রশ্নগুলোর উত্তর আপনার পরীক্ষা পৃষ্ঠিকায় লিপিবদ্ধ করুন।

## ବିଗ ବ୍ୟାଂ ଥିଓରିବ ପ୍ରମାଣ

বিগ ব্যাং হলো একটি ভৌত তত্ত্ব যা বর্ণনা করে যে কীভাবে মহাবিশ্ব উচ্চ ঘনত্ব এবং উচ্চ তাপমাত্রার প্রাথমিক অবস্থা থেকে সম্প্রসারিত হয়েছিল। এই খিওরিটি ব্যাখ্যা করার চেষ্টা করে যে, সময়ের সাথে সাথে মহাবিশ্ব কীভাবে পরিবর্তিত হয়েছে। এই খিওরিকে সমর্থন করার জন্য তিনটি প্রমাণ ব্যবহার করা হয়েছে। মহাবিশ্বের পদার্থের পরিমাপ করা পরিমাণ এই তত্ত্বকে সমর্থন করে। মহাকাশের পর্যবেক্ষিত সম্প্রসারণ, যা ক্রমশ স্বরাস্ত্রিত হচ্ছে, সেটিও আরেকটি প্রমাণ। এছাড়াও, কসমিক মাইক্রোওয়েভ ব্যাকগ্রাউন্ড রেডিয়েশন (CMBR) আবিষ্কার এই তত্ত্বকে সমর্থন করে।

নিচের মডেলে বিগ ব্যাং ঘটনার পর থেকে মহাবিশ্ব কীভাবে পরিবর্তিত হয়েছে সে সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে। মডেলে প্রদত্ত তাপমাত্রা কেলভিন (K) এককে রয়েছে।

## ବିଗ ବ୍ୟାଂ ମଡ଼େଲେବ ପର ଥେକେ ମହାବିଶ୍ୱେବ ବିବରଣ୍ଣ



- 1 কসমিক মাইক্রোওয়েভ ব্যাকগ্রাউন্ড রেডিয়েশন সঠিকভাবে বর্ণনা করার জন্য নিচের তিনটি বিবৃতি সম্পূর্ণ করুন, প্রতিটি বাক্য সঠিকভাবে সম্পূর্ণ করতে উপযুক্ত বাক্যাংশ নির্বাচন করে বক্সে X চিহ্ন দিন। [1]

### বিবৃতি 1:

কসমিক মাইক্রোওয়েভ ব্যাকগ্রাউন্ড রেডিয়েশন

এমন শক্তি যা বিজ্ঞানীরা পূর্বাভাস করেছিলেন এবং যা সমগ্র মহাবিশ্বে বিতরিত হয়েছে

এমন পদার্থ, যা বিজ্ঞানীরা পূর্বাভাস করেছিলেন এবং যা মিলিত হয়ে পদার্থ গঠন করেছে

### বিবৃতি 2:

কসমিক মাইক্রোওয়েভ ব্যাকগ্রাউন্ড রেডিয়েশন

প্রচণ্ড তাপের কারণে দ্রুত প্রসারিত হয়েছে

কসমিক মাইক্রোওয়েভ ব্যাকগ্রাউন্ড রেডিয়েশন

### বিবৃতি 3:

কসমিক মাইক্রোওয়েভ ব্যাকগ্রাউন্ড রেডিয়েশন


ছায়াপথ উচ্চ ঘনস্তরের জায়গায় গঠিত হয়েছে

ছায়াপথ নিম্ন ঘনস্তরের জায়গায় গঠিত হয়েছে

1920-এর দশকে, জ্যোতির্বিজ্ঞানী এডউইন হাবল সেফিড ভেরিয়েবল নামক এক ধরনের নক্ষত্র ব্যবহার করে ছায়াপথ অধ্যয়ন করেছিলেন। এই ধরনের নক্ষত্রগুলো একটি অনুমানযোগ্য প্যাটার্নে উজ্জ্বল হয় ও স্লান হয়ে যায়। হাবল এই নক্ষত্রগুলো পর্যবেক্ষণ করে নির্ধারণ করেছিলেন যে এই নক্ষত্রগুলো এবং সেগুলো যে ছায়াপথে অবস্থিত, তা পৃথিবী থেকে কত দূরে।

হাবলের 1929 সালের গ্রাফের একটি প্রতিলিপি দেখানো হয়েছে। একটি ছায়াপথের প্রাক্তনিক বেগ (পৃথিবীর তুলনায় গতি) পৃথিবী থেকে ছায়াপথ পর্যন্ত দূরত্বের ফাংশন হিসেবে চিত্রিত করা হয়েছে। এটি পার্সেক (1 পার্সেক = 3.26 আলোকবর্ষ) দিয়ে পরিমাপ করা হয়। পৃথিবীর দিকে প্রমণকারী ছায়াপথগুলোর নেতৃত্বাত্মক পশ্চাদগতি রয়েছে।

হাবলের গ্রাফের পুনরুৎপাদন



নিচে ছায়াপথ সম্পর্কিত হাবলের কাজ সম্পর্কে বেশ কয়েকটি বিবৃতি তালিকাভুক্ত করা হয়েছে।

- বিবৃতি 1:** হাবলের গ্রাফ দেখায় যে কোনো গ্যালাক্সির পৃথিবী থেকে দূরত্ব এবং সেই গ্যালাক্সির পশ্চাদগতির (recessional velocity) মধ্যে কোনো সম্পর্ক নেই।
- বিবৃতি 2:** হাবলের গ্রাফে বেশিরভাগ ছায়াপথের গতির প্রমাণ সম্ভবত প্রতিটি ছায়াপথের জন্য রেড-শিফট ডেটা থেকে পাওয়া গেছে।
- বিবৃতি 3:** পৃথিবী থেকে  $2 \times 10^6$  পার্সেক দূরে অবস্থিত হাবল দ্বারা পরিমাপ করা ছায়াপথগুলোর প্রাস্থানিক বেগ 500 কিমি/সেকেন্ডের বেশি।
- বিবৃতি 4:** হাবলের গ্রাফটি পৃথিবী থেকে একটি ছায়াপথের দূরত্ব এবং ছায়াপথের প্রাস্থানিক বেগের মধ্যে একটি আনুপাতিক সম্পর্ক দেখায়।
- বিবৃতি 5:** হাবলের গ্রাফে দেখানো কিছু ছায়াপথ পৃথিবী থেকে দূরে যাওয়ার সাথে সাথে ধীর গতিতে ভ্রমণ করছে।
- বিবৃতি 6:** হাবলের গ্রাফে বেশিরভাগ ছায়াপথের গতির প্রমাণ সম্ভবত প্রতিটি ছায়াপথের ক্ল-শিফট ডেটা থেকে পাওয়া গেছে।

2 বিগ ব্যাং খিওরিকে সমর্থন করার জন্য কোন বিবৃতিগুলো হাবলের ডেটাকে সঠিকভাবে সংক্ষেপে তুলে ধরে?

- (1) বিবৃতি 1, 5, 6  
(2) বিবৃতি 2, 3, 4  
(3) বিবৃতি 3, 1, 6  
(4) বিবৃতি 4, 2, 5

3 গ্রাফের তথ্য কীভাবে বিগ ব্যাং খিওরির ব্যাখ্যা সমর্থন করে?

- (1) পৃথিবী থেকে দূরে অবস্থিত ছায়াপথগুলোর প্রাস্থানিক বেগ বেশি, যা সম্প্রসারণশীল মহাবিশ্বের ইঙ্গিত দেয়।  
(2) পৃথিবীর কাছাকাছি অবস্থিত ছায়াপথগুলোর বেগ নেতৃবাচক, যা ইঙ্গিত দেয় যে মহাবিশ্বের সম্প্রসারণের হার কেবল দূরবর্তী ছায়াপথগুলোর চারপাশে ঘটে।  
(3) পৃথিবী থেকে প্রায় দশ লক্ষ ( $10^6$ ) পার্সেক দূরে অবস্থিত ছায়াপথগুলো পৃথিবীর দিকে এবং দূরে ভ্রমণ করছে, যা ইঙ্গিত দেয় যে মহাবিশ্ব এই দূরত্বের চেয়ে বেশি সম্প্রসারিত হয় না।  
(4) ছায়াপথগুলো স্থির বেগে পৃথিবী থেকে দূরে ভ্রমণ করে, যা ইঙ্গিত দেয় যে মহাবিশ্ব একটি স্থির হারে সম্প্রসারিত হচ্ছে।

নিচের টেবিলে আকাশগঙ্গা ছায়াপথের দুটি নক্ষত্র সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে।

নক্ষত্র	নক্ষত্র গঠনের উপাদান	ভর (kg)
বিটেলগুজ	হিলিয়াম, কার্বন, অক্সিজেন, নিয়ন, ম্যাগনেসিয়াম, সোডিয়াম, লোহা	$3.28 \times 10^{31}$
সূর্য	হাইড্রোজেন, হিলিয়াম	$1.99 \times 10^{30}$

- 4 কোন বিবৃতিটি দুটি নক্ষত্রের গঠনকারী উপাদানের পার্থক্য সঠিকভাবে ব্যাখ্যা করে এবং এই দুটি নক্ষত্রের আয়ুষ্কালের তুলনা করে?
- (1) বিটেলগুজ, হিলিয়াম ভারী মৌলগুলোতে মিশে গেছে, এবং বিটেলগুজের আয়ুষ্কাল সূর্যের তুলনায় কম।
  - (2) বিটেলগুজ, ভারী মৌল থেকে হাইড্রোজেন এখনও মিশে যায়নি, এবং বিটেলগুজের আয়ুষ্কাল সূর্যের তুলনায় বেশি।
  - (3) বিটেলগুজ, হিলিয়াম ভারী মৌলগুলোতে মিশে গেছে, এবং বিটেলগুজের আয়ুষ্কাল সূর্যের তুলনায় কম।
  - (4) সূর্যে, ভারী মৌল থেকে হাইড্রোজেন এখনও মিশে যায়নি, এবং সূর্যের জীবনকাল বিটেলগুজের তুলনায় বেশি।
- 5 প্রতিটি নক্ষত্রের নিউক্লিওসিল্লেসিসের হার ভিন্ন হওয়ার ক্ষেত্রে বিটেলগুজ এবং সূর্যের ভর কীভাবে একটি কারণ তা ব্যাখ্যা করুন। [1]
- 
- 
-

6 থেকে 9 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে দিন। কিছু প্রশ্নের জন্য ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের বেফাবেন্স টেবিলের 2024 সংস্করণটি ব্যবহার করার প্রয়োজন হতে পারে।


### রাবার হাঁস এবং প্রশান্ত মহাসাগরের আবর্জনা

1992 সালের 10 জানুয়ারি, সমুদ্রে ঝড়ের সময় এভার লরেল নামে কল্টেইনার জাহাজটি 40 ফুট উচ্চতার বারোটি কল্টেইনার হারিয়ে ফেলে। একটি কল্টেইনার ভেঙে 28,000-এরও বেশি প্লাস্টিকের স্লানের খেলনা মহাসাগরে ছড়িয়ে পড়ে। এই স্লানের খেলনাগুলো বছরের পর বছর মহাসাগরের পৃষ্ঠে ভেসে বেড়িয়েছে এবং বিশ্বজুড়ে সমুদ্র সৈকতে পোঁচেছে।

প্রশান্ত মহাসাগরে গ্রেট প্যাসিফিক গার্বেজ প্যাচ (GPGP) রয়েছে। প্লাস্টিকের এই দ্বীপটির আয়তন 1.6 মিলিয়ন বর্গকিলোমিটার - যা নিউ ইয়র্ক স্টেটের আয়তনের প্রায় 11 গুণ। বিশ্বজুড়ে মহাসাগরের গাহরে আবর্জনার ক্ষেত্র পাওয়া যায় যেখানে জলের অবস্থা শান্ত থাকে। মহাসাগরের বাস্তুতন্ত্রে ক্রমবর্ধমান প্লাস্টিক দূষণের সমস্যা প্রশান্ত মহাসাগরের উৎপত্তি নির্ধারণের জন্য ক্ষেত্রে থাকা প্লাস্টিকের টুকরোগুলোর আকার, গঠন এবং বয়স অধ্যয়ন করছেন।

নিচের মানচিত্রে এভার লরেল দুর্ঘটনা, স্লানের খেলনাগুলো যেখানে পাওয়া গেছে এবং গ্রেট প্যাসিফিক গার্বেজ প্যাচ সম্পর্কে কিছু তথ্য রয়েছে।

### এভার লরেল দুর্ঘটনার মানচিত্র



#### মূল বিষয়

- এভার লরেল দুর্ঘটনার অবস্থান
- স্লানের খেলনা ভূমিতে প্রবেশ করার স্থান
- GPGP

- 6 নিচের তিনটি বিবৃতি সম্পূর্ণ করুন, প্রতিটি বিবৃতিতে **X** চিহ্ন দিয়ে সঠিকভাবে বর্ণনা করুন কোন কারণটি বৈশ্বিক বায়ুমণ্ডলীয় এবং মহাসাগরীয় সঞ্চালন প্যাটার্নের জন্য দায়ী, যার ফলে স্নানের খেলনাগুলো পৃথিবীর বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়েছে। [1]

**বিবৃতি 1:**

দুর্ঘটনাস্থল থেকে উত্তর আমেরিকার উত্তর-পশ্চিম উপকূলে প্লাস্টিকের স্নানের খেলনার বন্টনের ধরন সম্পর্কে প্রমাণ পাওয়া গেছে

- কুরোশিও স্নোতের ধারে খেলনাগুলির গতি, তারপরে ক্যালিফোর্নিয়া স্নোতের ধারে তাদের গমন
- উত্তর প্রশান্ত মহাসাগরীয় স্নোত বরাবর খেলনাগুলোর গতি, তারপরে আলাস্কা স্নোত বরাবর তাদের গমন

**বিবৃতি 2:**

মহাসাগরের স্নোতের বিশ্বব্যাপী সঞ্চালন প্যাটার্নের একটি কারণ হলো

- ভূমির অবস্থান এবং বন্টন
- বিশ্ববরেখা থেকে দূরত্ব

**বিবৃতি 3:**

মহাসাগরের স্নোতের বাইরে, খেলনাগুলোর বন্টনে অবদান রাখার জন্য বৈশ্বিক প্যাটার্নগুলোও প্রভাবিত হয়েছিল বায়ুমণ্ডলীয়


- গ্রিনহাউস গ্যাসের ঘনত্ব
- ঘনত্ব এবং তাপশক্তির পার্থক্য

- 7 মহাসাগরের স্নোতের বাইরে, এই প্লাস্টিক খেলনাগুলোর বৈশ্বিক সঞ্চালন নির্ধারণে আর কোন কারণ ওরুত্তপূর্ণ?


- (1) স্ট্র্যাটোস্ফিয়ার পরিচলন
- (2) বিরাজমান বায়ু
- (3) উষ্ণতা
- (4) মেঘের আঞ্চাদন

পৃথিবীর মহাসাগরে অনেক ধরনের প্লাস্টিক পাওয়া যায়। নিচের পাই চার্ট এবং ইনফোগ্রাফিকে পৃথিবীর মহাসাগরে প্লাস্টিক সম্পর্কে কিছু তথ্য দেওয়া হয়েছে। ইনফোগ্রাফিকের তীরচিহ্নগুলো বিভিন্ন জীবের মাধ্যমে প্লাস্টিকের স্থানান্তরকে উপস্থাপন করে।

### 5 সেন্টিমিটারের বেশি আকারের প্লাস্টিক উৎস যা GPGP-তে পাওয়া গেছে



### GPGP-তে প্লাস্টিকের সংক্ষার — সামুদ্রিক খাদ্যশৃঙ্খলের মাধ্যমে মানুষের শরীরে স্থানান্তর




GPGP-এর সামুদ্রিক কচ্ছপেরা প্রায়শই প্লাস্টিকের ব্যাগ এবং প্লাস্টিকের শীট থায়।  
এর কারণ হলো কচ্ছপেরা প্লাস্টিককে তাদের সাধারণ শিকার জেলিফিশ ভেবে ভুল করে।

- 8 কোন বিবৃতিটি ব্যাখ্যা করে যে GPGP-তে প্লাস্টিক ব্যাগের অপসারণ কীভাবে প্র এলাকার জীববৈচিত্র্যকে স্থিতিশীল করবে?
- (1) GPGP-তে ব্যাগের সংখ্যা কমালে জেলিফিশের সংখ্যা বৃদ্ধি পাবে কারণ কচ্ছপেরা আরও বেশি প্লাস্টিকের ব্যাগ থাবে।
  - (2) GPGP-তে ব্যাগের সংখ্যা কমালে কচ্ছপের সংখ্যা বৃদ্ধি পাবে কারণ কচ্ছপেরা আরও বেশি জেলিফিশ থাবে।
  - (3) GPGP-তে ব্যাগের সংখ্যা কমালে জেলিফিশের সংখ্যা কমে যাবে কারণ কচ্ছপেরা কম জেলিফিশ থাবে।
  - (4) GPGP-তে ব্যাগের সংখ্যা কমালে কচ্ছপের সংখ্যা হ্রাস পাবে কারণ কচ্ছপেরা কম জেলিফিশ থাবে।


অনেক সংস্থা এবং সরকারি প্রতিষ্ঠান প্লাস্টিক দূষণের ক্রমবর্ধমান সমস্যা সমাধানের পদ্ধতিগুলো নিয়ে গবেষণা করেছে। এই পদ্ধতিগুলোর মধ্যে রয়েছে প্লাস্টিকের ব্যবহার কমানো, প্লাস্টিক পুনর্ব্যবহার করা এবং জলপথ পরিষ্কারের কার্যক্রমে অংশগ্রহণ করা।

নদী এবং মহাসাগর পরিষ্কার করার জন্য আরও জটিল সমাধান ব্যবহার করা হচ্ছে। নদীতে, নদীর মুখে থাকা বাধাগুলো প্লাস্টিককে একটি সংগ্রহস্থলে প্রবাহিত করে, যেখানে প্লাস্টিক ম্যানুফার্টুর অপসারণ করা হয় এবং পুনর্ব্যবহারের জন্য নিয়ে যাওয়া হয়। মহাসাগরে, বিজ্ঞানীরা ভাসমান প্লাস্টিক সংগ্রহ করার জন্য একটি যন্ত্র ব্যবহার করেন এবং পুনর্ব্যবহারের জন্য তীব্র ফিরিয়ে আনেন। নিচের ছবি এবং মডেলে এই দুটি অপসারণ পদ্ধতি সম্পর্কে কিছু তথ্য দেওয়া হয়েছে।

### নদী থেকে প্লাস্টিক অপসারণের পদ্ধতি



### মহাসাগর থেকে প্লাস্টিক অপসারণের পদ্ধতি



নিচের চার্টে জল থেকে প্লাস্টিক অপসারণের পদ্ধতি সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে।

### প্লাস্টিক অপসারণ পদ্ধতির সুকল ও কুফল

	সুবিধা	অসুবিধা
নদী	<ul style="list-style-type: none"> <li>ভেসে থাকে এবং জলের স্তর পরিবর্তন করতে দেয়</li> <li>স্থানীয়ভাবে নির্মিত, কম খরচে</li> <li>পৃষ্ঠতলের প্লাস্টিক ধরার ক্ষেত্রে ভালো ফলাফল</li> <li>মহাসাগরে প্রবেশের আগেই ধরে ফেলা হয়</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সংগৃহীত প্লাস্টিক ম্যানুফাকচার অপসারণ করতে হবে</li> <li>কম জলপ্রবাহের সময় সংগ্রহের হার হ্রাস পায়</li> <li>মাইক্রোপ্লাস্টিক (&lt;1 মিমি) বা গভীর প্লাস্টিকের জন্য কার্যকর নয়</li> <li>বাধাটি জীববৈচিত্রের উপর প্রভাব ফেলতে পারে</li> </ul>
মহাসাগর	<ul style="list-style-type: none"> <li>বৃহৎ এলাকা জুড়ে প্রচুর পরিমাণে প্লাস্টিক অপসারণের ক্ষেত্রে কার্যকর</li> <li>বেসরকারি প্রতিষ্ঠানগুলো কাজ করে</li> <li>যেকোনো অপ্রীতিকর দৃশ্য বা গন্ধ সমুদ্রের মধ্যে রয়েছে এবং কোনো কমিউনিটিকে প্রভাবিত করছে না</li> <li>শক্তি সাম্রয় করতে পারে</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>মাইক্রোপ্লাস্টিক (&lt;1 মিমি) বা গভীর প্লাস্টিক ধরতে পারে না</li> <li>যন্ত্রপাতি ভেঙে যাওয়ার ফলে উচ্চ রক্ষণাবেক্ষণ খরচ এবং ঘন ঘন ডাউনটাইমের সমস্যা দেখা যায়</li> <li>পাঁচ মিটার গভীরতায় পৃষ্ঠের জলজ প্রাণীর উপর প্রভাব ফেলে</li> <li>সহায়ক জাহাজকে প্রতি কয়েক সপ্তাহে সংগৃহীত প্লাস্টিক অপসারণ করতে হয়</li> </ul>

9 একজন শিক্ষার্থী দাবি করেছেন যে প্লাস্টিক দৃশ্যের প্রভাব কমাতে নদী পরিষ্কারের পদ্ধতিটি মহাসাগর পরিষ্কারের পদ্ধতির চেয়ে বেশি কার্যকর নকশা সমাধান। প্রদত্ত সমস্ত তথ্য ব্যবহার করে, কোন বিবৃতিটি এই দাবিকে সমর্থন করার জন্য সবচেয়ে সঠিক প্রমাণ প্রদান করে?

- (1) নদী-পদ্ধতিটি মহাসাগর-পদ্ধতির চেয়ে কম ব্যবহৃত এবং প্লাস্টিককে মহাসাগরে প্রবেশের আগেই ধরে ফেলে, যার ফলে নদী ও মহাসাগরের উপকূলীয় জীববৈচিত্রকে রক্ষা পায়।
- (2) নদী পদ্ধতিটি বৃহত্তর এলাকা থেকে প্লাস্টিক সংগ্রহ করতে পারে এবং মহাসাগর পদ্ধতির তুলনায় রক্ষণাবেক্ষণের ব্যয় কম।
- (3) নদী পদ্ধতিটি ভাসমান এবং জলের নিচে থাকা সকল আকারের প্লাস্টিক সংগ্রহ করতে সক্ষম, যেখানে মহাসাগর পদ্ধতিটি শুধুমাত্র বড় প্লাস্টিকের টুকরো সংগ্রহ করে।
- (4) নদী পদ্ধতিটি মহাসাগর পদ্ধতির চেয়ে বেশি প্লাস্টিক সংগ্রহ করে কারণ নদীর চেয়ে মহাসাগরে বেশি প্লাস্টিক পাওয়া যায়।

10 থেকে 13 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে দিন। কিছু প্রশ্নের জন্য ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের বেফাবেন্স টেবিলের 2024 সংস্করণটি ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

### প্রারম্ভিক ভূ-ব্যবস্থার বিবরণ


প্রায় 2.7 বিলিয়ন বছর আগে সায়ানোব্যাকটেরিয়া নামক অণুজীব (যা স্ট্রোমাটোলাইট তৈরি করেছিল) মহাসাগরে বিবর্তিত হয়েছিল। এই অণুজীবগুলো সালোকসংশ্লেষণ করত। তাদের কাছে জলকে "জ্বালানি" হিসেবে ব্যবহার করে অক্সিজেন তৈরি করার ক্ষমতা ছিল। এই অক্সিজেন সমুদ্রের জলে নির্গত হয়েছিল। এর পরিমাণ প্রায় 200 থেকে 300 মিলিয়ন বছরের মধ্যে ধীরে ধীরে বৃদ্ধি পেয়েছিল। অবশেষে এটি বায়ুমণ্ডলে প্রবেশ করে, সেখানে এটি মিথনের সঙ্গে বিক্রিয়া করে। এই বিক্রিয়ার ফলে মিথনের পরিমাণ কমে যায় এবং অক্সিজেনের পরিমাণ বৃদ্ধি পায়। এটি প্রায় 2.4 থেকে 2.1 বিলিয়ন বছর আগে ঘটেছিল। বায়ুমণ্ডলীয় অক্সিজেনের এই বৃদ্ধিকে বলা হয় বৃহৎ জারণ ঘটনা। পৃথিবীতে এই অক্সিজেন-স্তরের পরিবর্তনগুলো পরোক্ষভাবে জলবায়ু পরিবর্তনের দিকে পরিচালিত করে।

নিচের মডেলগুলো দুটি ভিন্ন সময়কালে পৃথিবীতে পৌঁছানো বিভিন্ন ধরণের শক্তির আপেক্ষিক পরিমাণকে প্রতিনিধিত্ব করে, যা পৃথিবী থেকে প্রতিফলিত হয় এবং পৃথিবীর বায়ুমণ্ডল দ্বারা শোষিত হয়।

### বৃহৎ জারণ ঘটনার মডেল

#### ঘটনার পূর্বে

#### ঘটনা চলাকালীন



10 নিচের সারণির কোন সারিটি মহাজারণের ফলে পৃথিবী ব্যবস্থার সহ-বিবর্তনের প্রমাণ সঠিকভাবে বর্ণনা করে?

সারি	বায়ুমণ্ডলীয় গ্যাসে পরিবর্তন	পরিবর্তনের প্রতি সাড়া	জলবায়ুর উপর প্রভাব
(1)	মিথেনের মাত্রা কমে যায়; অক্সিজেনের মাত্রা বেড়ে যায়	বায়ুমণ্ডল দ্বারা কম শক্তি শোষিত হয়	শক্তির বর্ধিত প্রতিফলনের কারণে প্রথম বরফ যুগের সৃষ্টি হয়েছিল
(2)	মিথেনের মাত্রা বেড়ে যায়; অক্সিজেনের মাত্রা কমে যায়	বায়ুমণ্ডল দ্বারা বেশ শক্তি শোষিত হয়	শক্তির প্রতিফলন হ্রাসের কারণে প্রথম বরফ যুগের সৃষ্টি হয়েছিল
(3)	মিথেনের মাত্রা বেড়ে যায়; অক্সিজেনের মাত্রা কমে যায়	বায়ুমণ্ডল দ্বারা কম শক্তি শোষিত হয়	শক্তির বর্ধিত প্রতিফলনের কারণে প্রথম বরফ যুগের সৃষ্টি হয়েছিল
(4)	মিথেনের মাত্রা কমে যায়; অক্সিজেনের মাত্রা বেড়ে যায়	বায়ুমণ্ডল দ্বারা বেশ শক্তি শোষিত হয়	শক্তির প্রতিফলন হ্রাসের কারণে প্রথম বরফ যুগের সৃষ্টি হয়েছিল

হিউরোনিয়ান বরফ যুগ ছিল তিনটি পৃথক হিমবাহীয় ঘটনা, যা প্রায় 2.4 থেকে 2.1 বিলিয়ন  
বছর আগে ঘটেছিল। এগুলো পৃথিবীর ভূতাত্ত্বিক ইতিহাসের প্রথম দিকের বরফ যুগগুলোর মধ্যে  
ছিল। এই সময় গ্রহটির পৃষ্ঠ প্রায় সম্পূর্ণরূপে বরফে ঢাকা ছিল।

হিউরোনিয়ান সুপারগ্লস হলো 12-কিলোমিটার পুরু ভূতাত্ত্বিক গঠনের একটি সমষ্টি।  
এই গঠনগুলো প্রথম প্রধান বরফ যুগের প্রমাণ প্রদান করে। শিলায় ইউরোনিয়ান থেকে সীসা  
আইসোটোপের অনুপাত ব্যবহার করে এই প্রাকৃতিক গঠনের বয়স নির্ধারণ করা হয়েছে। এই  
সুপারগ্লসটি তখন তৈরি হয়েছিল যখন এই বরফাবৃত ভূমিভাগ বর্তমানের তুলনায় বিষুবরেখার  
কাছাকাছি ছিল, যখন বরফ সমুদ্রপৃষ্ঠ পর্যন্ত পৌঁছেছিল।


হিউরোনিয়ান সুপারগ্লস সাধারণত সামুদ্রিক পরিবেশে গঠিত সঞ্চয়ের উদাহরণ। এটি  
পালিক শিলা দ্বারা গঠিত যার মধ্যে ড্রপ্স্টোন (আগ্রেয়গিরি এবং/অথবা পালিক টুকরো)  
অন্তর্ভুক্ত রয়েছে। ড্রপ্স্টোন হিমবাহ-বরফ যুগের প্রমাণ কারণ হিমবাহগুলো বরফের মধ্যে বিভিন্ন  
আকারের পলি বহন করে। এরপর হিমবাহগুলো এই শিলাগুলোকে সমুদ্রে ফেলে দেয়। এগুলি  
সামুদ্রিক পলিতে মিশে যায় যা অবশ্যে পালিক শিলা তৈরি করে।

11 হিউরোনিয়ান বরফ যুগ কখন সংঘটিত হয়েছিল তা নির্ধারণে ব্যবহৃত প্রমাণগুলো কোন বিবৃতি দ্বারা চিহ্নিত  
করা হয়েছে?

- (1) হিউরোনিয়ান সুপারগ্লসের শিলার বয়স নির্ধারণ করতে শিলাতে উপস্থিত উপাদানের  
রেডিওঅ্যাক্টিভ ডেটিং ব্যবহার করা হয়েছিল।
- (2) হিউরোনিয়ান সুপারগ্লসে শিলার বয়স নির্ধারণের জন্য সূচক জীবাশ্ম শনাক্ত করা হয়েছিল।
- (3) হিউরোনিয়ান সুপারগ্লসের শিলার বয়স নির্ধারণের জন্য সেগুলোর কার্বন ডেটিং করা হয়েছিল।
- (4) পালিক শিলায় থাকা ড্রপ্স্টোনের বয়স শিলাটি যে কণাগুলোর দ্বারা গঠিত, তাদের তুলনায় কম।

পৃথিবীর প্রাচীনতম শিলাগুলোর মধ্যে রয়েছে পাললিক শিলা যা ব্যান্ডেড লোহার গঠন নামে পরিচিত। এই শিলাগুলো সেই মহাসাগরে গঠিত হয়েছিল, যেখানে পৃথিবীর প্রথম মুক্ত অক্সিজেনের কিছু অংশ উপস্থিত ছিল। নিচের মডেলে পৃথিবীর প্রাচীন মহাসাগর ও বায়ুমণ্ডল সম্পর্কিত কিছু তথ্য দেখানো হয়েছে। সমস্ত ভূতাত্ত্বিক সময়কাল আনুমানিক। বিলিয়ন বছর পূর্বে বোঝাতে Ga এবং মিলিয়ন বছর পূর্বে বোঝাতে mya ব্যবহৃত হয়।

### পৃথিবীর প্রারম্ভিক মহাসাগর ও বায়ুমণ্ডলের মডেল



- 12 নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিকভাবে মডেল এবং পার্থ্যাংশের তথ্য ব্যবহার করে এই দাবিকে সমর্থন করে যে, হিউরোনিয়ান বরফ যুগের শেষে পৃথিবীর জলমণ্ডলের পরিবর্তন পৃথিবীর স্থলমণ্ডলে পরিবর্তন ঘটিয়েছিল?
- (1) ব্যান্ডযুক্ত লোহ বিন্যাসে পাওয়া শুধু জীবাশ্মগুলো মহাসাগরের মধ্যে থাকা লোহা উৎপাদন করেছিল।
  - (2) মহাসাগরের অগভীর অংশে থাকা সালোকসংশ্লেষণকারী স্ট্রোমাটোলাইটগুলো শক্তি হিসেবে মহাসাগরের লোহা ব্যবহার করেছিল।
  - (3) মহাসাগরে কার্বন ডাই অক্সাইড এবং মিথেনের উপস্থিতি মহাসাগরের তলদেশের শিলায় ব্ল্যাক স্মোকার গঠনে সাহায্য করেছিল।
  - (4) মহাসাগরে লোহা এবং অক্সিজেনের উপস্থিতি মহাসাগরের তলদেশে ব্যান্ডেড লোহার শিলাস্তর গঠনে সাহায্য করেছিল।


13 পৃথিবীর পৃষ্ঠের প্রক্রিয়াগুলো পৃথিবীর পৃষ্ঠ এবং বায়ুমণ্ডলে পরিবর্তন ঘটায়। অতীতের পরিবর্তনগুলো এমন পরিস্থিতি তৈরি করেছিল যা ভবিষ্যতের ঘটনাগুলোর দিকে নিয়ে যায়।

মডেলে প্রদত্ত তথ্য ব্যবহার করে, গ্রাফিক অর্গানাইজারটি সম্পূর্ণ করার জন্য নিচের ঘটনাগুলোর তালিকাটি সঠিক কালানুক্রমিক ক্রমে সাজান। [1]

### ঘটনা

- প্রথম সমুদ্রের সৃষ্টি
- বৃহৎ জারণ ঘটনা
- ব্যান্ডযুক্ত লোহ বিন্যাসের প্রথম আবির্ভাব
- ন্যাক স্মোকার থেকে লোহা মহাসাগরে প্রবেশ করে
- পৃথিবীর গঠন

প্রাচীনতম




14 থেকে 18 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে দিন।  
কিছু প্রশ্নের জন্য ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের বেকাবেন্দ টেবিলের 2024 সংস্করণটি ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

### নিউ ইয়র্ক স্টেটের খনন করা এবং খনিজ সম্পদ

একটি ক্লাস নিউ ইয়র্ক স্টেটের খনন করা এবং খনিজ সম্পদ নিয়ে অনুসন্ধান করছিল।  
অ্যাডিরনড্যাক্স ভ্রমণের সময়, শিক্ষার্থীদের বলেছিলেন যে অ্যাডিরনড্যাক্সে পাওয়া অনেক  
শিলার মধ্যে থাকা খনিজ ক্রিস্টালগুলো আসলে নিউ ইয়র্ক স্টেটের খনিজ। এই খনিজটি ঘর্ষণকারী  
পদার্থের একটি গুরুত্বপূর্ণ উৎস ছিল।

একজন শিক্ষার্থী ভ্রমণের সময় এই শিলার বেশ কয়েকটি খুঁজে পেয়েছিল। শিলায় মিশে থাকা  
এই বৃহৎ খনিজ পদার্থগুলো শনাক্ত করার জন্য তারা ভৌত বৈশিষ্ট্য সম্পর্কে পর্যবেক্ষণ  
রেকর্ড করেছিলেন। তারা শিলার একটি ছবি তুলেছিল, যা নিচে দেখানো হয়েছে এবং তারা  
পর্যবেক্ষণগুলোর একটি তালিকা তৈরি করেছিল, যা পরবর্তী পৃষ্ঠায় দেখানো হয়েছে।

### খনিজ ক্রিস্টাল সহ অ্যাডিরনড্যাক শিলা



### পর্যবেক্ষণ:

- A.** থনিজ অন্তর্ভুক্তিগুলো গাঢ় লাল রঞ্জের এবং কাঁচের মতো দেখতে।
- B.** থনিজ ক্রিস্টালগুলো একটি শিলার মধ্যে গেঁথে থাকে যেখানে বেশ কয়েকটি গাঢ় এবং হালকা থনিজ একে অপরের সাথে মিশে থাকে।
- C.** থনিজ ক্রিস্টালগুলো কাঁচে দাগ কাটতে সক্ষম এবং সেগুলোয় বণহীন রেখা থাকে।
- D.** শিলাটি অনেক উচ্চতায় পাওয়া গেছে।
- E.** শিলাটির মধ্যে থাকা থনিজ ক্রিস্টালগুলো তীক্ষ্ণ প্রান্ত সহ অসম টুকরোতে ভেঙে পড়ে।
- F.** এই থনিজযুক্ত শিলার ঘনত্ব অনেক বেশি ছিল।


14 শিক্ষার্থীর পর্যবেক্ষণের উপর ভিত্তি করে, কোন পর্যবেক্ষণের সেট এবং থনিজের নামটি চিত্রের থনিজ স্ফটিকগুলোকে সঠিকভাবে চিহ্নিত করে?

- (1) পর্যবেক্ষণ A, B, এবং C ম্যাগনেটাইটকে চিহ্নিত করে।
- (2) পর্যবেক্ষণ D, E, এবং F অলিভাইনকে চিহ্নিত করে।
- (3) পর্যবেক্ষণ A, C, এবং E গারনেটকে চিহ্নিত করে।
- (4) পর্যবেক্ষণ B, D, এবং F হেমাটাইটকে চিহ্নিত করে।


নিউ ইয়র্ক স্টেটের তৃতীয় বৃহত্তম থনি হলো চুনাপাথর এবং ডলোস্টোনের থনি। এই শিলা মূলত নির্মাণ শিল্পে চূর্ণ পাথরের মতো ব্যবহার করা হয়।

নিচের মানচিত্রে নিউ ইয়র্ক স্টেটের থনি এবং প্রধান হাইওয়ে সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে।

### চুনাপাথর এবং ডলোস্টোনের থনি 2020



### নিউ ইয়র্ক স্টেটের প্রধান হাইওয়ে



- 15 মানচিত্র থেকে প্রাপ্ত প্রমাণ ব্যবহার করে, একটি ব্যাখ্যা তৈরি করুন যা বর্ণনা করে যে নিউ ইয়র্ক স্টেটে চুনাপাথর এবং ডলোস্টোনের উপলব্ধ হওয়ার কারণে মানুষের কার্যকলাপ কীভাবে প্রভাবিত হতে পারে। [1]
- 
- 
- 
- 

নিউ ইয়র্ক স্টেটের খনিগুলোকে অবশ্যই "পুনরুদ্ধার" করতে হবে, যখন সেগুলোতে আর কাজ হবে না। এর অর্থ হলো খনিটির জমিটিকে একটি পরিবেশগত বা অর্থনৈতিকভাবে ব্যবহারযোগ্য অবস্থায় ফিরিয়ে আনার মাধ্যমে খনির পরিবেশগত প্রভাবগুলোকে উল্লেখ দিতে হবে।

নিচের চিত্রে নিউ ইয়র্কের সুলভান কাউন্টিতে অবস্থিত উডবোর্ন ফ্ল্যাটস খনি পুনরুদ্ধারের দুটি ধাপ দেখানো হয়েছে। চিত্র 1 নেভারসিংক নদীর একটি অংশ দেখায় যেখানে 600টি নতুন রোপণ করা দেশীয় কালো উইলো গাছ রয়েছে। চিত্র 2 মানুষের তৈরি 35 একরের একটি পুরু দেখায়। এটি সেই এলাকার প্রাকৃতিকভাবে রোপিত উদ্ভিদের দ্বারা ঘেরা থাকে।

চিত্র 1



নেভারসিংক নদীর ধারে  
লাগানো কালো উইলো গাছ

নদীর তীরে থাকা বোন্দার

চিত্র 2



নতুনভাবে রোপণ করা  
গাছপালায় ঘেরা পুরু

- 16 উডবোর্ন স্ল্যাটস খনির পুনরুদ্ধারের বিষয়ে প্রতিটি বিবৃতি সম্পূর্ণ করার জন্য নিচের বিকল্পগুলো থেকে সঠিক অক্ষরগুলো প্রতিটি বাক্যের শেষে লিখুন। [1]

### বিবৃতি 1-এর জন্য বিকল্প:

- A- নদীর তীরকে স্থিতিশীল করা এবং নদীর তীরে পলির সঞ্চয় হ্রাস করা
- B- নদীর তীরকে স্থিতিশীল করা এবং বন্যার প্রভাব কমানো

### বিবৃতি 2-এর জন্য বিকল্প:

- C- পলি-ভারান্ডাস্ট বৃষ্টির জলকে ধরে রাখা যাতে কাছাকাছি একটি হাউজিং কমপ্লেক্সে পানীয় জলের উৎস হিসেবে ব্যবহার করা যায়
- D- আশপাশের এলাকার প্রবাহিত জল ধরে রাখা এবং নিকটবর্তী নদীতে পলির পরিমাণ হ্রাস করা

### বিবৃতি 3-এর জন্য বিকল্প:

- E- ঢালগুলোকে স্থিতিশীল করা এবং মূল বাস্তুতন্ত্রের আবাসস্থল পুনরুদ্ধার করা
- F- ঢালগুলোকে স্থিতিশীল করা এবং অ-স্থানীয় উদ্বিদকে মূল বাস্তুতন্ত্রের সাথে পরিচয় করিয়ে দেওয়া

**বিবৃতি 1:** কালো উইলো গাছ রোপণ করলে \_\_\_\_\_ হবে।


**বিবৃতি 2:** 35 একরের পুরু তৈরি করার ফলে \_\_\_\_\_ হবে।

**বিবৃতি 3:** পুরুরের চারপাশে গাছপালা রোপণ করলে \_\_\_\_\_ হবে।

পাকা রাস্তার উপরিভাগ সাধারণত অ্যাগ্রিগেটের (বালি, নুড়ি এবং চূর্ণ পাথর) মিশ্রণ দিয়ে তৈরি করা হয়। এটি ইমালসিফায়ারের সাহায্যে একত্রে ধরে রাখা হয়। ইমালসিফায়ার হলো পেট্রোলিয়াম থেকে তৈরি একটি আঠালো, আলকাতরা জাতীয় পদার্থ। প্রতিহাসিকভাবে, রাস্তা নির্মাণের জন্য প্রাকৃতিক উৎস (খননকৃত পাথর) ব্যবহার করা হত। রাস্তা পুনর্নির্মাণের একটি নতুন পদ্ধতি, যাকে রিসাইকেলড অ্যাসফল্ট (RAP) বলা হয়, সেটি রাস্তা পুনর্নির্মাণ প্রকল্পে ব্যবহার করা হয়েছে। এই দুটি পুনর্নির্মাণের পদ্ধতির মধ্যে কয়েকটি পার্থক্য নিচের টেবিলে বর্ণনা করা হয়েছে। মডেলটি একটি RAP পুনর্নির্মাণ প্রকল্পে ব্যবহৃত সরঞ্জামগুলো দেখায়।

	রাস্তার পাকা করার কাজের উপকরণ	পুনর্ব্যবহৃত অ্যাসফল্ট পেভমেন্ট
অ্যাগ্রিগেটের উৎস	খনির শিলা পৃথিবী পৃষ্ঠা থেকে বিস্ফোরণ ঘটিয়ে উত্তোলন করা হয় এবং ট্রাকে করে প্রক্রিয়াকরণ কেন্দ্রে নিয়ে যাওয়া হয়।	মিলিং মেশিনগুলো সাইটে ব্যবহারের জন্য বিদ্যমান রাস্তার পৃষ্ঠতলকে পিষে ফেলে।
অ্যাগ্রিগেটের প্রক্রিয়াকরণ	3 থেকে 7% ইমালসিফায়ারের সাথে মেশানোর আগে পাথর চূর্ণ করা হয়, বাছাই করা হয় এবং শুকানো হয়।	মিলিংগুলোকে 1 থেকে 3% ইমালসিফায়ারের সাথে মেশানো হয়।
উপকরণ পরিবহন	প্রাকৃতিক রাস্তার পাকা করার কাজের উপকরণ ট্রাকের মাধ্যমে খনি থেকে সাইটে নিয়ে যাওয়া হয়, যা প্রায়শই কয়েক মাইল দূরে অবস্থিত হয়।	মিলের মাধ্যমে প্রক্রিয়া করা উপাদানকে রাস্তা পুনর্নির্মাণের সাইটে পরিবহনের প্রয়োজন হয় না।
খননের প্রভাব	খনন করা পাথর ভূপৃষ্ঠের খনি থেকে নেওয়া হয় যেগুলো পুনরুদ্ধার করার প্রয়োজন হবে।	পুনর্ব্যবহৃত উপাদান খনন করতে হয় না এবং পুনরুদ্ধার করার প্রয়োজন হয় না।

## পুনর্ব্যবহৃত অ্যাসফল্ট পেভিং (RAP) মডেল




17 নিচের কোন বিবৃতিটি স্থানীয় কমিউনিটির জন্য একটি সুবিধাকে সঠিকভাবে চিহ্নিত করে যখন রাস্তা পুনর্নির্মাণের জন্য এই দুটি নকশা সমাধানের তুলনা করা হয়?

- (1) প্রাকৃতিক রাস্তার পাকা করার কাজের উপকরণ সরবরাহকারী স্থানীয় খনিগুলো ট্রাকিং এবং প্রক্রিয়াকরণের জন্য আরও বেশি স্থানান্তর ব্যবহার করবে।
- (2) পুনর্ব্যবহৃত অ্যাসফল্ট পেভমেন্ট স্থানান্তর এবং ইমালসিফায়ারের আকারে আরও বেশি পেট্রোলিয়াম পণ্য ব্যবহার করবে।
- (3) পুনর্ব্যবহৃত অ্যাসফল্ট পেভমেন্টের জন্য পুনরুদ্ধার করার প্রয়োজন হয় না এবং এটি বিদ্যমান খনির আয়ুষ্কাল বৃদ্ধি করবে।
- (4) পুনর্ব্যবহৃত অ্যাসফল্ট পেভমেন্টের ক্ষেত্রে বিস্ফোরণ করা, চূর্ণ করা এবং প্রক্রিয়াকরণের খরচ বেশি হয়।

অ্যাসফল্ট প্ল্যান্টে কথনও কথনও প্রাকৃতিক উপাদান RAP-এর সাথে মেশানো হয়। প্রাকৃতিক উপাদানের সাথে মিশ্রিত RAP-এর শতাংশকে ব্লেন্ডিং রেশিও বলা হয়। নিচের গ্রাফে পেভমেন্ট পুনর্ব্যবহার করার সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে।

### পেভমেন্ট পুনর্ব্যবহারের সম্পূর্ণ প্রক্রিয়া থেকে কার্বন নির্গমনের উপর RAP ব্লেন্ডিং রেশিওর প্রভাব



- 18 নিচের সারণির কোন সারিটি সঠিকভাবে চিহ্নিত করে যে রাস্তার পাকা করার কাজে RAP-এর ব্যবহার বায়ুমণ্ডলে  $\text{CO}_2$ -এর মাত্রাকে কীভাবে প্রভাবিত করে এবং এটি জলবায়ুকে কীভাবে প্রভাবিত করে?

সারি	RAP ব্লেন্ডিং রেশিও (%)	কার্বন নির্গমন ( $\text{kg CO}_2/\text{m}^2$ )	জলবায়ুর উপর প্রভাব
(1)	বৃক্ষি পায়	বৃক্ষি পায়	বিশ্ব উষ্ণায়ন বৃক্ষি পায়
(2)	হ্রাস পায়	বৃক্ষি পায়	বিশ্ব উষ্ণায়ন হ্রাস পায়
(3)	বৃক্ষি পায়	হ্রাস পায়	বিশ্ব উষ্ণায়ন হ্রাস পায়
(4)	হ্রাস পায়	হ্রাস পায়	বিশ্ব উষ্ণায়ন বৃক্ষি পায়


19 থেকে 23 নব্রের প্রশ্নের উত্তর নিচে দেওয়া তথ্য এবং আপনার ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞান সম্পর্কিত জ্ঞানের ভিত্তিতে দিন। কিছু প্রশ্নের জন্য ভূ-বিজ্ঞান ও মহাকাশ বিজ্ঞানের বেফাবেন্স টেবিলের 2024 সংস্করণটি ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

### প্লটোর উপগ্রহ

আটটি গ্রহের পাশাপাশি, আমাদের সৌরজগতে আরও কিছু মহাজগতিক বস্তু রয়েছে, যার মধ্যে বামন গ্রহ অন্তর্ভুক্ত। 1930 সালে আবিষ্কৃত প্লটো আমাদের সৌরজগতের বৃহত্তম বামন গহণালোর মধ্যে একটি। প্লটোর পাঁচটি উপগ্রহ রয়েছে, যার মধ্যে সবচেয়ে বড়োটি হলো ক্যারন। ক্যারনের আকার প্রায় প্লটোর অর্ধেক, যার ফলে কিছু বিজ্ঞানী এই দুই মহাজগতিক বস্তুকে একত্রে একটি দ্বৈত বামন গ্রহ ব্যবস্থা বলে উল্লেখ করেন।

নিচের মডেলে প্লটো-ক্যারন দ্বৈত ব্যবস্থা সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে। প্লটোর চারপাশে ক্যারনের কক্ষপথ দেখানো হয়নি।

### প্লটোর উপগ্রহের কক্ষপথের মডেল – 7 জুলাই, 2012



### প্লটোর উপগ্রহ

উপগ্রহের নাম	গড় কক্ষপথের দূরত্ব (কিমি)	বিবর্তনমাত্রা
ক্যারন	19,640	0.0022
হাইড্রা	64,738	0.0059
কারবেরোস	57,783	0.0033
নিক্র	48,694	0.0020
সিট্র	42,656	0.0058

- 19 ডেল এবং ডেটা টেবিল ব্যবহার করে, ফ্লটোর চারপাশে ক্রমবর্ধমান কক্ষপথের সময়কাল অনুসারে উপগ্রহগুলোকে তালিকাভুক্ত করতে নিচের উপগ্রহের তালিকা সম্পূর্ণ করুন। কেপলারের একটি সূত্র ব্যবহার করে আপনার উত্তরটিকে সমর্থন করুন। [1]

### উপগ্রহের নামের তালিকা

সংক্ষিপ্তম কক্ষপথের  
পরিক্রমণ কাল

---



---



---



---



দীর্ঘতম কক্ষপথের  
পরিক্রমণ কাল

---



---


যুক্তি: \_\_\_\_\_  
\_\_\_\_\_

- 20 ফ্লটোর উপগ্রহ ডেটা টেবিলের তথ্যের উপর ভিত্তি করে, নিচের সারণীর কোন সারিটি স্টিক্সের কক্ষপথের গতি এবং ফ্লটোকে প্রদক্ষিণ করার সময় ফ্লটো কর্তৃক স্টিক্সের উপর প্রযুক্ত মহাকর্ষীয় আকর্ষণ বল সঠিকভাবে বর্ণনা করে?

সারি	কক্ষপথের গতি	মহাকর্ষ বল
(1)	ধ্রুবক	ধ্রুবক
(2)	ধ্রুবক নয়	ধ্রুবক
(3)	ধ্রুবক	ধ্রুবক নয়
(4)	ধ্রুবক নয়	ধ্রুবক নয়

নিচের মডেলে সূর্যের চারপাশে প্লটোর কক্ষপথ এবং প্লটোর চারপাশে ক্যারনের কক্ষপথ সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে।

### প্লটো-ক্যারন সিস্টেমের মডেল



নিচের ডেটা টেবিলে প্লটো এবং ক্যারন সম্পর্কে কিছু তথ্য দেখানো হয়েছে।

মহাজাগতিক বস্তু	ব্যাস (কিমি)	আবর্তনকাল (পৃথিবীর দিন)	কক্ষপথের সময়কাল (পৃথিবীর দিন)
প্লটো	2377	6.4	90,560
ক্যারন	1214	6.4	6.4

21 মডেল এবং ডেটা টেবিলে প্রদর্শিত কোন প্রমাণগুলো এই দাবিকে সমর্থন করে যে প্লটো থেকে দেখা ক্যারনের পর্যায়গুলো চক্রকারে পরিবর্তিত হয়?

- (1) প্লটো প্রতি 90,560 পৃথিবী দিনে সূর্যকে প্রদক্ষিণ করে।
- (2) ক্যারন প্রতি 90,560 পৃথিবী দিনে সূর্যকে প্রদক্ষিণ করে।
- (3) ক্যারন প্রতি 6.4 পৃথিবী দিনে প্লটোকে প্রদক্ষিণ করে।
- (4) ক্যারন প্রতি 6.4 পৃথিবী দিনে সূর্যকে প্রদক্ষিণ করে।

## 22 একজন শিক্ষার্থী নিম্নলিখিত দাবি করে:

যেমনভাবে পৃথিবী থেকে দেখা যায় যে চাঁদের একই দিক সবসময় পৃথিবীর দিকে মুখ করে থাকে, তেমনি প্লটো থেকে দেখা যায় যে চারন (Charon)-এর একই দিক সবসময় প্লটোর দিকেই মুখ করে থাকে।

প্রদত্ত তথ্য শিক্ষার্থীর দাবিকে সমর্থন করে নাকি খণ্ডন করে তা নির্দেশ করার জন্য নিচের "সমর্থন" বা "খণ্ডন" বক্সে একটি টিক চিহ্ন (✓) দিন। প্রদত্ত তথ্য থেকে প্রমাণ ব্যবহার করে আপনার উত্তরের ন্যায্যতা প্রমাণ করুন। [1]



সমর্থন করুন



অস্বীকার করুন

যুক্তি:

---


---

ক্যারন প্রথম 1978 সালে মার্কিন নেভাল অবজারভেটরিতে আবিষ্কৃত হয়। হাবল স্পেস টেলিস্কোপ ব্যবহার করে 2005 থেকে 2012 সালের মধ্যে চারাটি ছোট উপগ্রহ আবিষ্কৃত হয়েছিল। কিছু গবেষক পরামর্শ দিয়েছেন যে পাঁচটি উপগ্রহই প্লটোর সাথে কোনো বস্তুর সংঘর্ষের ফলে তৈরি ধ্বংসাবশেষ হতে পারে। অন্যরা তত্ত্ব দেন যে চারাটি ছোট উপগ্রহ ক্যারনের সাথে সংঘর্ষের মাধ্যমে তৈরি হয়েছিল।

প্লটোর ছবি



ক্যারনের বড়ো করা ছবি



## 23 প্লটো বা ক্যারনের সাথে সম্ভাব্য সংঘর্ষ থেকে প্লটোর চারাটি ক্ষুদ্রতম উপগ্রহ গঠনের প্রমাণ কোন বিবৃতিটি দেবে?

- (1) প্লটোর পৃষ্ঠা মিথেন বরফে আবৃত।
- (2) ক্যারনের পৃষ্ঠা 240 কিলোমিটার ব্যাসের গর্ত রয়েছে।
- (3) চারাটি ছোট উপগ্রহ প্লটো বা ক্যারনের তুলনায় তাদের অক্ষ বরাবর আরও দ্রুত ঘোরে।
- (4) প্লটো এবং ক্যারন উভয়েরই ভূগর্ভস্থ বরফের ভাঁজ থেকে সৃষ্টি বরফের আঘেয়গিরি রয়েছে।

